

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৮৬৮

৫৩/ কিয়ামত, জাহ্নাত ও জাহান্নামের বিবরণ (كتاب صفة القيامة والجنة والنار)

পরিচ্ছেদঃ ১৯. ওয়ায-নসীহতের ক্ষেত্রে মধ্যম পন্থা অবলম্বন করা

باب الإِقْتِصَادِ فِي الْمَوْعِظَةِ

আরবী

وَحَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، أَخْبَرَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، ح وَحَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، - وَاللَّفْظُ لَهُ - حَدَّثَنَا فُضَيْلُ بْنُ عِيَّاضٍ، عَنْ مَنْصُورٍ، عَنْ شَقِيقِ أَبِي وَاثِلٍ، قَالَ كَانَ عَبْدُ اللَّهِ يُذَكِّرُنَا كُلَّ يَوْمٍ خَمِيسٍ فَقَالَ لَهُ رَجُلٌ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ إِنَّا نُحِبُّ حَدِيثَكَ وَنَشْتَهِيهِ وَلَوْ دِدْنَا أَنَّكَ حَدَّثْتَنَا كُلَّ يَوْمٍ . فَقَالَ مَا يَمْنَعُنِي أَنْ أُحَدِّثَكُمْ إِلَّا كَرَاهِيَةٌ أَنْ أُمْلِكُمْ . إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَتَخَوَّلُنَا بِالْمَوْعِظَةِ فِي الْأَيَّامِ كَرَاهِيَةَ السَّامَةِ عَلَيْنَا .

বাংলা

৬৮৬৮। ইসহাক ইবনু ইবরাহীম (অন্য সনদে) ইবনু আবু উমার (রহঃ) ... ওয়াইলের পিতা শাকীক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ (রাঃ) প্রত্যেক বৃহস্পতিবার দিন আমাদেরকে নসীহত করতেন। জনৈক ব্যক্তি তাকে বললেন, হে আবদুর রহমানের পিতা! আমরা আপনার থেকে হাদীস শুনতে পছন্দ করি এবং আগ্রহ পোষণ করি। আমরা বাসনা যে, আপনি আমাদের নিকট প্রত্যহ হাদীস বর্ণনা করেন। এ কথা শুনে তিনি বললেন, এ কাজ থেকে আমাকে যা বিরত রাখে তা হল, আমি তোমাদেরকে বিরক্ত করা পছন্দ করি না, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের অবস্থার প্রতি লক্ষ্য রেখে তিনি ওয়ায-নসীহত করতেন, আমরা যাতে বিরক্ত না হই।

English

Shaqiq b. Wi'il reported that 'Abdullah used to give us sermon on every Thursday. A person said: Abu 'Abd al-Rahman, we love your talk and so we yearn (to listen to you) and earnestly desire that you should deliver us lecture every day. Thereupon he said: There is nothing to hinder me in giving you talk (every day) but the

fact that you may be bored. Allah's Messenger (ﷺ) did not deliver sermons on certain days (fearing that we might be bored).

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ শাক্কীক ইবনু সালামা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=19191>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন